

ভুল

সাধুর চিতে তুমি আনন্দ-রূপে রাজ,
ভীতি-রূপে জাগ পাতকীর প্রাণে;
প্রেম-রূপে জাগ সতীর হিয়ামাঝে,
স্নেহ-রূপে জাগ জননী-নয়ানে!
প্রীতি-রূপে থাকো প্রেমিক-প্রাণে সখা,
যোগি-চিত্তে চির-উজ্জ্বল-আলোক;
অনুতপ্ত প্রাণে ভরসা-রূপে জাগো,
সাম্বনা-রূপে এসো যথা দুখ শোক।
দাতার হৃদে দাও করুনা-রূপে দেখা
ত্যাগীর প্রাণে জাগো বৈরাগ্য-আকারে;
কার্য-কুশলের চিহ্নে, সফলতা,
জ্ঞান-রূপে জাগ মোহের আঁধারে।
(তবু) হেরিতে চাহি চোখে, শুনিতে চাহি কানে,
কর-পরশ চাহি, যেন তুমি স্থূল!
(এই) ভ্রান্তি নিয়ে, সখা, জীবন কাটিবে কি?
ভাঙ্গিয়ে দিবে না কি এই মহাভুল?